

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্বরাষ্ট্র মন্ত্রণালয সুরক্ষা সেবা বিভাগ আইসিটি সেল



সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশুতি হালনাগাদকরণ কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি সৈয়দ বেলাল হোসেন

অতিরিক্ত সচিব

সভার তারিখ ১২ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

সভার সময় বেলা ১১:০০ টা

স্থান Zoom Online Platform

উপস্থিতি পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব (প্রোগ্রামার, আইসিটি সেল) কে অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব নিমুর্পে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ **আলোচ্য বিষয়:** সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি অর্থবছরে ব্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ।

১.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১.২ কার্যক্রমের আওতায় ব্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের উপর বিস্তারিত আলোচনা করেন। এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব সভায় অবহিত করেন যে, এপ্রিল ২০২১ মাসে সর্বশেষ এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক সচিব মহোদয়ের অনুমোদনক্রমে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এছাড়াও হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি এ বিভাগের সকল কর্মকর্তাবৃন্দকে দাপ্তরিক ই-মেইল এবং ই-নথি মারফত প্রেরণ করা হয়েছে এবং হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির উপর কোন মতামত থাকলে তা আইসিটি সেলে প্রেরণের অনুরোধ করা হয়। তদনুযায়ী এ বিভাগের আইন-২ শাখা হতে নতুন ০৪টি নাগরিক সেবা অন্তর্ভুক্ত এবং ০২টি নাগরিক সেবা হালনাগাদের জন্য আইসিটি সেলে প্রেরণ করা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ আইন-২ শাখার প্রস্তাবিত ০৬টি নাগরিক সেবা হালনাগাদের জন্য আইসিটি সেলে প্রেরণ করা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ আইন-২ শাখার প্রস্তাবিত ০৬টি নাগরিক সেবা পর্যালোচনা পূর্বক এ বিভাগের সেবা প্রতিশ্রুতিতে অর্গ্রভুক্ত করার বিষয়ে একমত পোষণ করেন। এ ছাড়াও মাদক অধিশাখার উপসচিব প্রাতিষ্ঠানিক সেবায় "জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন" সংক্রান্ত সেবাটি ০২ বার উল্লেখ থাকায় ০১টি সেবা রেখে অপরটি বাতিল করার উল্লেখ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও সভার সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্দেশিকা, ২০২১-২০২২ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম সতর্কতার সাথে সম্পন্ধ করার জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দের সহযোগীতা কামনা করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিয়লিখিত সিদ্ধান্ত সর্বসম্বতিক্রমে গৃহীত হয়।

১.২ সিন্ধান্ত:

- (ক) আইন-২ শাখার ০৬টি নাগরিক সেবা অন্তর্ভূক্তপূর্বক সেবা প্রদান প্রতিশুতিতে হালনাগাকরণ।
- (খ) ''জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন'' সংক্রান্ত বিদ্যমান সেবা প্রদান প্রাতিষ্ঠানিক সেবাতে সকল চাহিত তথ্যসমূহ অন্তর্ভৃক্ত করে একটি প্রাতিষ্ঠানিক সেবা রেখে অন্যটিকে বাদ দিতে হবে।

(গ) প্রতিটি সেবার বিপরীতে দায়িত্প্রাপ্ত কর্মকর্তার নাম অর্গুভুক্তকরণপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।

২.০ আলোচ্য বিষয়: বিবিধ।

২.১ আলোচনা: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর নির্দেশিকা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি (হালনাগাদকৃত) প্রদর্শনের জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ এ বিভাগের অফিসের মূল ফটকে ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রদর্শনের ব্যাপারে মতামত দেন। সভাপতি বিষয়টি প্রশাসন-২ শাখার মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে মতামত দেন। এছাড়াও সেবা প্রদান প্রতিশ্রুতিতে স্টেকহোল্ডার সাথে পর্যালোচনার ০২টি সভা আয়োজনের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। স্টেকহোল্ডারদের সাথে পর্যালোচনা সভা আয়োজনের বিষয়ে এ বিভাগের এপিএ টিমের সাথে সমন্বয় করে এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের সংক্রান্তে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

২.২ সিদ্ধান্ত:

- (ক) প্রশাসন-২ শাখার তত্ত্বাবধায়নে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে সর্বসাধারণের অবগতির জন্য প্রদর্শনের ব্যবস্থাকরণ।
- (খ) সেবা প্রদান প্রতিশ্রুতি উপর স্টেকহোল্ভারদের সাথে পর্যালোচনা সভা এ বিভাগের এপিএ টিমের সাথে সমন্বয়পূর্বক আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সৈয়দ বেলাল হোসেন অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.১৬০

তাবিখ্য ৩০ ভাদ্র ১৪২৮

১৪ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয্):

- ১) অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) উপসচিব, পরি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) উপসচিব, মাদক-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) উপসচিব, প্রশাসন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) উপসচিব, বহিরাগমন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৭) উপসচিব, প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৮) উপসচিব, শৃঙ্খলা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৯) উপসচিব, কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ১০) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ
- ১১) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

মোঃ আইয়ুব হোসেন প্রোগ্রামার